

# ওয়ান টু ওয়ান

এমরানুর রেজা

প্রথম প্রকাশ : আষাঢ় ১৫, ১৪২৭ বঙ্গাব্দ

দ্বিতীয় প্রকাশ : ০৩ শ্রাবণ, ১৪২৭ বঙ্গাব্দ

সর্বস্বত্ব : লেখক

কম্পোজ : হাসান মেহেদী

প্রচ্ছদ : সাদেক মুকুল

মুদ্রাকর : ওয়াসিফা এন্টারপ্রাইজ
ব্রাহ্মন্দী, নরসিংদী

প্রকাশক : সাদেক মুকুল
প্রত্যাশা প্রকাশন
দাসপাড়া, নরসিংদী
ই-মেইল : abdussadeqmukul@gmail.com

emranorrejablogspot.com
www.emranorreja.com

বিনিময় : এক নোট

১. ত্যাগেও সুখ আছে, ভোগেও সুখ আছে– ভোগবাদীরা বলবে অন্য কথা

২. আপনার নাক খাড়া আমরা জানি– তাই বলে কী যত্রতত্র নাক গলাতে হবে, আপনার নাক খাড়া নয় দেখাই যাচ্ছে– যত্রতত্র নাক গলাতে আপনার লজ্জা হওয়া উচিত

৩. কাছের মানুষ যখন জানতে চায় 'কেমন আছি' তখন নিজেকে দূরের মানুষ মনে হয়, দূরের মানুষ যখন জানতে চায় না 'ভালো আছি কিনা' দূরকে দূর বলে বোধ করি

৪. বই পড়ে কেউ আউলিয়া না হোক অন্তত জাউলিয়া হয় না

৫. আনন্দটা আমার (আমার অধীনে) আমি আনন্দ হয়ে যাই না। দুঃখটা আমার (আমার অধীনে), আমি দুঃখ হয়ে যাই না। তাই আনন্দ কিংবা দুঃখ যতই পাগলা ঘোড়ার মতো আচরণ করুক, লাগামহীন হতে পারে না

৬. কুকুর দলবদ্ধভাবে আক্রমন করে, এই কুকুরই মাংস খাওয়ার সময় দলকে অপছন্দ করে

৭. গনিতের প্রেমে প্রতিনিয়ত অঙ্ক মেলে না

৮. এক বন্ধুর হাতে স্বর্ন দিয়ে বলেছিলাম 'এক মাস পর নিয়ে যাবো।' দুই বছর পর বন্ধুকে বললাম 'আমার স্বর্ন ফেরত দাও।' বন্ধু ফেরত দিলো রূপা তার মতে আমি তাকে রূপাই দিয়েছিলাম। আমি বন্ধুর সাথে কোন প্রকার তর্কে জড়ানোর প্রয়োজন মনে করিনি। কারন ডায়মন্ড হিরার চেয়ে মহামূল্যবান 'আস্থা' সে হারিয়েছে যা তার জন্যে আমার হৃদয়ে জমা ছিল

৯. যার চুল পড়ে যাচ্ছে চুল পড়ে যাচ্ছে তা নিয়ে এতো দুঃখ এতো বিষাদ, তার মাথা যে পড়ে যাচ্ছে লোভের কাছে তার মাথা যে পড়ে যাচ্ছে মাৎসর্যে, তার মাথা যে পড়ে যাচ্ছে রাষ্ট্রের দুর্নীতির কাছে তা নিয়ে ত দুঃখ করতে দেখি না তাকে

১০. সুখী লোকটির কাপড় ছিল না অথচ সুখী হওয়ার জন্যে রাজার কাপড়ের দরকার ছিল

১১. মানুষের কথায় বিশ্বাস করে মানুষকে অবিশ্বাস করা পাপ

১২. সচেতন নির্বাকই সার্থক নির্বান

১৩. শৃঙ্খলা একটা বড় জেলখানা যা মানুষকে দাসত্ব থেকে মুক্তি দেয়

১৪. মা বেসুরে কাম করলে সন্তান অসুর হয়ে যায়

১৫. কম্প্রোমাইজ মানবকে দানবে পরিনত করে, সেকরিফাইজ দানবকে মানব বানায়

১৬. প্রেম থাকলে মাটিকেও মনে হয় দেবতা, প্রেম বিহনে দেবতাও হয়ে যান মাটি

১৭. রাত হলেই সকাল হয়ে যায় না, রাতের কয়েক হাজার ম্যারাথন দৌড়ের পর সকাল আসে

১৮. যখন প্রতিপক্ষ থাকে তখন শরীর-মন প্রতিপক্ষকে একসঙ্গে ঘায়েল করার চেষ্টা করে, যখন প্রতিপক্ষ থাকে না তখন শরীর ও মন দুটি পক্ষ হয়ে নিজেই নিজের প্রতিপক্ষ হয়ে যায়

১৯. অনেকে ফুল গাছ হয়ে জীবনে আসে, তারপর কাঁটা রেখে ফুলসহ মারা যায়

২০. পথ চলতে হোঁচট খাওয়া অপরাধ নয়—শিক্ষা

২১. কেবল শরীরের ডায়রিয়া হয় না, মাথারও ডায়রিয়া হয়। মাথার ডায়রিয়া হলে মুখ থামতে চায় না, মাথার ডায়রিয়ায় নির্জনতা স্যালাইন হিসাবে কাজ করে

২২. মিডিয়ার মাধ্যমে ফুল কিনতে নেই, তাতে গন্ধ আর ফুলের মাঝে বিজ্ঞাপন ঢুকে যায়।
বিজ্ঞাপনের দাপটে
গন্ধ যায় লুটপাটে

২৩. পথ হারালে অনেকে মনে করেন এই বুঝি জীবন শেষ। না। পথ হারালেই নবকুমার কপালকুণ্ডলার দেখা পান, কলম্বাস দেখা পান আমেরিকার আর আলাদিন খুঁজে পান আশ্চর্য প্রদীপ

২৪. কিছু পাখি আছে খাঁচার জন্য নিদিষ্ট– আকাশে তারা পরাধীন। কিছু মাছ আছে অ্যাকুরিয়ামের জন্য নির্দিষ্ট– সাগরে তারা অসহায়

২৫. কুকুর চব্বিশ দিন রাস্তায় থাকলেও বিপ্লব হয় না, মানুষ চব্বিশ ঘন্টা রাস্তায় থাকলেই বিপ্লব অনিবার্য

২৬. যে লোকটি ফায়ার সার্ভিসের চাকরি করে তার ঘরেও ফায়ার লাগে

২৭. টেনশন করি না, কারন টেনশনে ভাত দেয় না

২৮. প্রেমে লাম্পট্য থাকে, লাম্পট্যে প্রেম থাকে না

২৯. একবার আগুন ধরানোর পর যখন চুলা জ্বলে যায় তখন চুলার মান ত জানা গেলো। চুলার মান না জেনে আগুন জ্বালালে দেবালয় জ্বলবে এবং বাসুদেবও হাসবে

৩০. বন্ধুত্ব হলো ঢেউয়ের মতো যেখানে কেউ কাউকে ডমিনেট করতে চায় না কিন্তু প্রত্যেকেই তীরে পৌঁছে যেতে চায়

৩১. বন্ধুত্বকে পরীক্ষার পর্যায়ে নিয়ে গেলে আর বন্ধুত্ব থাকে না, বন্ধুত্ব শ্বাস প্রশ্বাসের বাতাসের মতো যা থাকলে টের পাওয়া যায় কিন্তু না থাকলে অনিবার্য পরিনতি

৩২. দুর্বল তার দুর্বলতা ক্ষমতা দিয়ে ঢাকতে চায়, এইকারনে দুর্বলের ক্ষমতা ভয়ঙ্কর

৩৩. থুথু আর চুমুর পার্থক্যে একজন ধর্ষক একজন প্রেমিক

৩৪. ছাদে উঠি ছাদে থেকে যাওয়ার জন্য নয়, ছাদ থেকে বড়দেরকে কত ছোট্ট দেখায় তা দেখার জন্য

৩৫. মিথ্যাকে প্রমান করতে হয় সত্য দিয়ে, সত্য সার্টিফিকেট না পেলেও সত্য

৩৬. দিয়াশলাই নিজে জ্বলার পর জ্বালাতে পারে। আগুন জানে না সে যে আগুন, যেমন জল জানে না যে সে আগুনের জন্য পুলিশ। আগুন ও জলকে জ্ঞান দিয়ে লাভ নেই, দিয়াশলাইকে জ্ঞানস্কুলে পাঠাতে পারেন

৩৭. হৃদয় যেখানে উল্টাপাল্টা সোজাবেহা হয়ে আরামে বিশ্রাম নিতে পারে তার নাম ঘর
Hindsight is always twenty-twenty

৩৮. কিছুই না করে অনেক কিছু পাওয়ার আশা ভিক্ষুকদের থাকে

৩৯. শকুনি যতভাবে বাসুদেব শ্রীকৃষ্ণকে পরাজিত করার চেষ্টা করেছে ঠিক ততভাবেই শকুনি পরাস্ত হয়েছে।
পান্ডবরা জয়ী হয়নি, জয় হয়েছে সত্যের। সত্যের পতাকা তুলে ধরবার জন্য যদি কেউ না থাকে স্বয়ং প্রকৃতি তখন সত্যের পতাকা তুলে ধরে। বাসুদেব শ্রীকৃষ্ণ স্বয়ং প্রকৃতি হয়ে পৃথিবীতে এসেছিলেন।
নিষ্ঠুরতা প্রকৃতি সহ্য করতে থাকে কিন্তু নিষ্ঠুরতার সীমা যখন সহ্যের সীমানা ছেড়ে যায় প্রকৃতি তখন কুরুক্ষেত্র নির্মান করেন যেখানে শকুনি যত পরিকল্পনা করুক না কেন, সবই তার প্রতিকূলে অবস্থান নিতে বাধ্য

৪০. বিড়ালের যখন মৃত্যু আসে তখন সে বাঘকে আক্রমন করে বসে

৪১. প্রিয় রেজা ভাই, কিছু ফুল আছে যার সারা অঙ্গে কাটা। কাটার কারনে ফুলকে কোনভাবেই ছোট বা তুচ্ছজ্ঞান করবে না, কিছু ফুল আছে একেবারে কাটাহীন। কাটাহীন বলে সেই ফুলকে কোনভাবেই মহান মনে করো না। ফুলের সৌন্দর্য তোমার হাতের স্পর্শের উপর নির্ভর করে না। তাই রেজা ভাই বলছি তোমাকে, ফুলকে ফুলের জায়গায় রেখে কাটাকে তার অলঙ্কার ভাবতে শিখো

৪২. তোমাকে একটা রাতের গল্প বলবো, সকালে ঘুম থেকে উঠে কী আমাকে রাত দেখাতে বের হবে

৪৩. গরুর গোয়ালের ষাড় হলে লাভ কী– গুবরের গন্ধ অনিবার্য– রেজা ভাই, চলো আমরা ফুলের বাগানের মালী হই যেখানে সুগন্ধ অনিবার্য

৪৪. সবাই যখন যুদ্ধে ব্যস্ত তখন যুদ্ধ না করার মানসিকতা এক প্রকার যুদ্ধ

৪৫. আপনাকে শ্রেষ্ঠ বানানোর জন্যে একদল বসে আছে, আপনাকে নিকৃষ্ট প্রমান করার জন্যে বসে আছে আরো একদল, একদল বসে আছে খেলা দেখার জন্যে। আর আপনি? আপনি হলেন সময় যাকে কেন্দ্র করে মানুষ আবর্তিত হয়, হতে থাকে

৪৬. আমার পাশের জনদের যখন দেখতে চমৎকার লাগে তখন আমার হিংসা করতে ইচ্ছে করে না। চমৎকারের সাথে থাকা কিংবা চমৎকারের সাক্ষী হওয়া ব্যক্তিত্বকে সুন্দর এক প্রশান্তি দেয়, আমাকে দিয়ে থাকে

৪৭. মানুষের অরজিনাল অবয়ব জানতে আমি আগ্রহী নই। কারণ মানুষ আমার হাতের মোবাইল কিংবা বেডরুমের টিভি সেট না। মোবাইল কিংবা টিভি সেটের অরজিনাল অবয়ব জানতে হয়। কারন তাদের প্রত্যেকের অবয়ব মাত্র একটি। মানুষ বহুমুখী। নিজাম ডাকাত আবার নিজাম উদ্দিন আউলিয়া, ডাকাত বাল্মীকি আবার রামায়ণের বাল্মীকি, সন্ত্রাসী রবিন হুড গরীবের বন্ধু

I am not yearning for the judgment on orginal figure of man just because man is not handset or TV of mine. I have to concern on the originality of handset, TV as they have one original figure yet.

Man has versatile motion. The once robber Nijam Uddin is now saint Nijam Uddin, once terror Balmiki is now poet Balmiki, Terror Robin is a man kind Robin Hood.

৪৮. অনেক বুদ্ধি হলেও মানুষ তার অতীত ভুলে না, অনেক টাকা হলে মানুষ তার অতীত ভুলে যায়

৪৯. নারীর গুপ্তধন খোঁজ পেতে কখনো কিছু ভাষা, কখনো সতেজ অর্থ, কখনো কোমল খ্যাতি বিনিয়োগ করা লাগে। আর পুরুষকে জানতে নারীটাকে শুধু নারী হওয়া লাগে

৫০. পুকুরের চেয়ে মাছ বড় হলে ফসিল হয়ে যায়

৫১. বিয়ে মানে ডাব খাওয়ার জন্যে ডাবগাছ ঘাড়ে নিয়ে ঘুরাফেরা করার সামাজিক নির্দেশ

৫২. যন্ত্রনার কারুকাজ নির্মোহ শক্তিশালী যা মানুষকে ভেতর থেকে জাগিয়ে তুলে

৫৩. আদর্শের বীর্যে গর্ভবতী হওয়ার পর ম্যানলি ব্যাপারটা আসতে থাকে

৫৪. যাকে আমি ভালোবাসি তার জন্য নয়, যে আমাকে ভালোবাসে আমি তার জন্য প্রতিদিন সকাল দেখতে ভালোবাসি

৫৫. কিছু কথা পালকের নিচে থাকে, পাখি উড়াল দিলে কথাগুলো বাতাসের হয়ে যায়

৫৬. দিন রাতের কাছে যায় নাকি রাত দিনের কাছে আসে আমরা কেউ জানি না। দিনের ভেতর রাত নাকি রাতের ভিতর দিন তোমরা কেউ জানবে না। তোমরা বলবে রাত-দিন হ্যান্ড শেইক করলে জন্ম নেয় মাগরিবফুল যার গন্ধে প্রার্থনা করতে বসে পৃথিবীর তাবৎ অন্ধকার। অন্ধকারে বসে বসে রাজা হওয়া যায়, যুদ্ধের ঘোষনা দেয়া যায়, ঘোষনা দিয়ে যুদ্ধ করা যায়, প্রেম করা যায় না

৫৭. সৌন্দর্যকে সন্দেহ করে ব্যাপক লোক নারীবাদী হয়ে গেছে, নারীবাদী হয়ে ব্যাপক লোক সৌন্দর্যকে জানতে শিখেছে

৫৮. তরকারি স্বাদ হলে বেশি লাগে, বউ সুন্দরী হলে পুরুষকে তাড়াতাড়ি বৃদ্ধ হয়ে যেতে হয়

৫৯. নেতা এমন কোন বিষয় না যা ইন্না আনজালনাহু ফি লাইলাতুল কদর, মানে নেতা কদরের রাতে নাযিল হয় না। আমাদের মধ্যে থেকেই নেতা তৈরি হয়। জনগন যেমন হবে তার প্রধানকে তেমনি হতে হবে নতুবা অন্ধের দেশে চোখগত সমস্যা তৈরি হবে

৬০. যে মানুষ কাউকে আঘাত করে কথা বলে না, সবার চোখেই সে নিরীহ;
যে মানুষ ত্যাগ করতে জানে, সমাজের চোখে সেই মানুষটি বোকা। নিরীহ আর বোকা মানুষের সংখ্যা কমে যাচ্ছে; তাইতো বেড়ে যাচ্ছে শিয়ালের লেজকাটা নীতি; এজিদের নিজভোগী বেড়াজাল

Simple man is he in every man’s eye who does not say anything in hard line. Who can sacrifice in confidence is a master piece foolish in the eye of society. But it is a matter of concern that day by day the simple as well as foolish decreasing in a whole. And for the complexity in inner and on outer enhanced gradually.

৬১. জুতার নিচের রাস্তা জুতার উপরের মানুষটাকে নিরাপদে বাড়ি পৌঁছে দেয়

৬২. মোমবাতি পাপে গলে না, তাপে গলে

৬৩. দিনশেষে মানুষের কোনো বন্ধু থাকে না, কোন শত্রুও থাকে না– থাকে মৃত্যু!

৬৪. ভক্তি না শিখিয়ে অস্ত্র চালানো শেখালে সাগরেদ প্রথম গুলি চালায় ওস্তাদের বুকে

৬৫. শব্দকে বোরখা পরাতে পারবেন না, নগ্নতাই শব্দের সৌন্দর্য। শব্দ মসজিদ, মন্দির, প্যাগোডার বাসিন্দা নয়, কারন শব্দের প্রার্থনার প্রয়োজন হয় না। শব্দকে আপনি কোনো তকমা দিতে পারবেন না, কারন শব্দ আছাড় খেয়ে খেয়ে বড় হতে থাকে। এক সময় শব্দের এমন বিবর্তন ঘটে যে সে ভুলে যায় তার বংশপরিচয়

৬৬. অহংকার সৌন্দর্যের মূল

৬৭. কেউ কেউ ‘গু’ থেকে টাকা তুলে, কেউ কেউ ‘গু’ সরানোর জন্যে টাকা ব্যয় করে

৬৮. আমি সবার হতে পারবো না, সবাইও আমার হবে না, তবে যাদের আমি হবো তারাই আমার সব

৬৯. যাদের মাথার ভেতরের মগজ কাজ করে কম তাদের মাথার উপরের শিং একটু বেশিই কাজ করে

৭০. ছোট কাল থেকে শুনে আসছি দশের লাঠি একের বোঝা। এখন পর্যন্ত বোঝাই দেখি, দশের দেখা পেলাম না

৭১. মসজিদে যেতে চাইলে আপনাকে ধার্মিক হতে হবে, মন্দিরে যেতে চাইলে আপনাকে হতে হবে সনাতনী, প্যাগোডায় যেতে চাইলে আপনাকে হতে হবে বৌদ্ধ, গির্জায় যেতে চাইলে আপনাকে খ্রিস্টান হতে হবে।
কোথায় এমন সাম্যের জায়গা আছে যেখানে যেতে চাইলে মানুষ হলেই চলে!

৭২. শিশুরা ভালোবাসতে জানে, প্রমান দিতে জানে না, বড়রা বড় বড় প্রমান দিতে গিয়ে শিশুর মতো ভালোবাসতে জানে না

৭৩. যে ঝাড়ু ময়লা পরিষ্কার করে ময়লা তার শরীরেও লাগে।

৭৪. Nothing is garbage, garbage is nothing.

৭৫. বই মেলায় সোনাগাছির যৌনপল্লির নারীদের মতো দাঁড়িয়ে থাকে সো কল্ড লেখক “এই, আয় আমারও বই আছে এইবার।”

৭৬. সীমানায় কখনো ঘর বাঁধি না, সীমানা থেকে দুই তিন হাত দূরে ঘর বাঁধতে বলে গেছেন পূর্বের পুরুষ, পূর্বপুরুষের কথা শুনে আজ আমি সীমানা

৭৭. মানুষ তার অক্ষমতা রাগ আর কান্না দিয়ে ঢাকতে চায়

৭৮. সুন্দর মেয়েদের বিবাহিত পুরুষ দ্রুত বৃদ্ধ হয়ে যায়। কারন দুইটা। প্রথমত পুরুষকে ইনিংস বেশি খেলতে হয়। দ্বিতীয়ত পুরুষের ডিফেন্স ম্যাকানিজম অত্যন্ত শক্তিশালী রাখতে হয় নতুবা অনুপ্রবেশের সম্ভাবনা খুব বেশি থাকে

৭৯. অনেকে তরবারিবিদ্যা আয়ত্ত করার আগে যুদ্ধনীতি আয়ত্ত করে ফেলে, তারা যখন যুদ্ধে যায় তখন তারাই তাদের মাথা কাটে

৮০. দুজন বাঙালি একসঙ্গে চা খেতে বসলো। আপনারা ভাবছেন তারা কেবল চা চিনি আর গরম পানি খায়। না। তারা নিন্দাও খায়। খাবারে বাঙালির চিনি বা লবন না হলেও চলে কিন্তু নিন্দাপাঠ না হলে চলে না। আমরা নিজ চোখে নিজের কপাল দেখি না বলে অন্যের কপালের ঝোপঝাড়ও আমাদের চোখ না এড়াতে ব্যস্ত

৮১. কাপালিক বিশ্বাসই করতে পারে না কপালকুন্ডলা কোনো পথ হারানো পথিকের পথ দেখাতে পারে

৮২. শিক্ষক আর ছাত্রের সম্পর্ক যেদিন থেকে গরু আর রাখালের মতো হয়ে গেছে সেইদিন থেকে শিক্ষা চলে গেছে ঘাসক্ষেতে। ছাত্র ঘাস খায় আর শিক্ষক ঘাস খাওয়াতে বাধ্য করে

৮৩. 'মা' শব্দটি দেশ নয় মহাদেশ, মহাদেশ নয় মহাকাল, মাতৃভাষা সেই মায়ের একমাত্র সন্তান

৮৪. আমার ভালোবাসা শব্দ দিয়ে ডাকে না, হৃদয় দিয়ে দেখে

৮৫. ভালোবাসা অর্জনের বিষয়, দানের নয়

৮৬. স্বার্থপর মানুষের সাথে চলতে সুবিধা। কারণ তারা শুধু স্বার্থ পেলেই খুশি। প্রেমিকের সাথে চলতে সদা সর্তক থাকতে হয়। কারন তারা চায় মন । আর মন পেতে চাইলে মন বিনিয়োগ করা লাগে

৮৭. কবি জানেন না তিনি কবি, গোলাপ যদি জানত তার রূপের কথা তাহলে টিভিতে মঞ্চে সেও শাড়ি পাঞ্জাবি পড়ে যেতো হাত হাততালির বিনিময়ে

৮৮. ময়লা ফেলার লোক এক হাজার হলেও পরিষ্কারের জন্যে একজনই থাকে, একজন ময়লাওয়ালা একদিনের জন্য অসুস্থ হয়ে গেলে সমস্ত শহর দুর্গন্ধের বন্যা হয়ে যায়

৮৯. আমরা নিজের প্রয়োজনে কারো নামের আগে বসাতে থাকি অযথা বিশেষন, প্রয়োজন ফুরিয়ে গেলে কিংবা প্রয়োজনের সম্ভাবনা না থাকলে তখনও বসাই অযথা বিশেষন। সবই কথার দান হয় পজিটিভ নয় নেগেটিভ। রাস্তা-ঘাটের ভিক্ষুকও দান পেলে হাত ওঠায় আকাশের দিকে, না পেলে মনে মনে গালি দেয় গর্ব করে। আমিও যে টাই-প্যান্ট পরা ভিক্ষুক হতে পারি তা অনুধাবনের ক্ষমতা ভিক্ষুকের নেই

৯০. বিশ্ববিদ্যালয়ে যারা পড়াশোনা করতে যায় তারা বিশ্ববিদ্যালয়ের ছাত্র হয়ে ওঠতে পারে, আরেকটু বড় করে বললে তারা বিভাগের ছাত্র হয়ে ওঠতে পারে কিন্তু কোন শিক্ষকের ছাত্র হয়ে ওঠতে পারে না। কারণ বিশ্ববিদ্যালয় কোন শিক্ষক নির্মান করতে পারেনি। বিশ্ব মানের বিদ্যালয় প্রথমে শিক্ষক নির্মানের দিকে দৃষ্টিপাত করে। বাংলাদেশে বিশ্ব মানের বিদ্যালয় নেই তবু তার নাম বিশ্ববিদ্যালয়। ব্যবস্থাপনা সংকট এখানে প্রকট। তাই একজন চিনি খাওয়া শুরু করলে পুরো জাতি চিনি খাওয়া শুরু করে, লবনের সাথেও চিনি খায়। তাই এখানে বিশ্ববিদ্যালয়ের আড়ালে তারা কেরানি তবে তাদেরকে কেরানীগঞ্জের ভূমি অফিসে কাজ করতে হয় না

৯১. কাগজের নৌকায় করে একদিন বিশ্বভ্রমনে বের হয়ে যাবো, প্রয়োজনে কাগজের বিমানও বানাতে পারি

৯২. প্রথম প্রথম গভীর রাতেও তার খুব প্রেম পায়, কয়েকদিন পর গভীর দিনেও তার খুব ঘুম পায়। প্রেম বা ঘুম বড় কথা নয়, আসলে তার নতুন কিছু চায়।

৯৩. বাংলাদেশের যৌবন সঠিক সময়ে চাকরিও পায় না প্রেমও পায় না, পায় কেবল বউস্বামী আর দীর্ঘশ্বাস

৯৪. সুবিধার জন্যে যারা অসুবিধাকে সামনে আনে তারা সুবিধাবাদী, অসুবিধার জন্যে যারা সুবিধার কথা বলে তারা সুবিধাভোগী

৯৫. প্রসাধন সজ্জিত নারীর স্বামীদের  প্রায়শই পেট খারাপ করে

৯৬. মানুষ অভ্যাসের নয়, সমাজের দাস

৯৭. রাগ হলো ভালোবাসার জ্বর

৯৮. মানুষ প্রয়োজনে জল থেকে লবন আনে, প্রয়োজনে আবার লবনকে জল করে

৯৯. আমি ছিলাম তার কাছে ফেরেশতার মতো। এখন আমি তার কাছে ফেরেশতা। তাই সে আমাকে বিয়ে করেনি। সে বিয়ে করেছে ফেরেশতার মতো কোনো একজনকে

১০০. বাঙালি চিলের পেছনে ছুটতে পছন্দ করে, তাই তাদের কান না থাকলেও চলে

১০১. ধরুন, স্বামী-স্ত্রী কোথাও একসঙ্গে বের হয়েছে। স্বামী যদি বিজ্ঞাপন দেখার মতো করেও অন্য কোন সুন্দর নারীর দিকে তাকায় তাহলে কেল্লা ফতে– রাতের  খাবারে তরকারিতে লবন বেশি হবে অথবা কম।
লবন কম বেশির জের ধরে চলবে সারারাত ঝগড়া। এই ঝগড়ার রেশ থাকবে আরেকবার বের হওয়ার দিন পর্যন্ত। আরেকবার বের হয়ে স্বামী যদি নিজের দৃষ্টি হেফাজত করে তখনই স্ত্রী তরকারির লবন স্বাদের উপযোগী করে তুলবে

১০২. নিয়মে নিয়মিত সাধনায় বড় হওয়া যায়, জীবনকে অর্থময় করে তোলা যায়, জীবনের স্বার্থকতা খুঁজে পাওয়া যায়, অতিরিক্ত কোন কিছুই নিয়মের মধ্যে পড়ে না

১০৩. হাতির পায়ের নিচে অনেক পিঁপড়াই মারা যায়, পিঁপড়াকে মারার উদ্দেশ্যে হাতি পা ফেলে না, এখানেই মানুষ আর ইতর প্রানীর মধ্যে পার্থক্য

১০৪. চ্যালাদের চাল হবে ডাল হবে ভাত হবে মাছ হবে, চিলেরও মিলে যাবে মোরগীর ছানা মাছের মাংস মরা গরুর কলিজা। মানুষের হবে– মানুষের হবে কেবল ফরমালিনমুক্ত হৃদয়, অবিক্রিত শরীর

১০৫. খাঁটি সোনা দিয়ে অলঙ্কার হয় না, খাদ মেশাতে হয়– কথাটি বলে অনেকে আরামবোধ করে। কারন কথাটির মধ্য দিয়ে অনেক অপরাধকে স্বীকৃতি দেয়া হয়। আরামবোধ  করার কারন নেই- বস্তুগত নির্মাণ মানে বস্তুগত মিশ্রন।
ঔষধ বানাতে কুকুরের প্রসাবও ঘৃনার্য নহে, ঔষধ তৈরির উপাদান

১০৬. কুমিরের সাথে ঝগড়াটা জলের ভাষায় ভালো!

১০৭. মানুষ দেখবে বলে আকাশে চান ওঠে না,
আকাশে চান ওঠে বলে মানুষ দেখে

১০৮. মানুষ যা কিছু বানায় তা অবশ্যই নিজেদের জন্যে এমনকি কামান কিংবা বুলেট

১০৯. নষ্টদেরকে নষ্ট করতে হয় না, তারা নিজের গুনে নষ্ট হয়ে যায়

১১০. চোখের সামনে ভালোবাসাগুলো কেমন যেন কিন্ডার গার্ডেন স্কুল হয়ে গেছে। প্রতিদিন হাজিরা খাতায় নিজের উপস্থিতি জানান দিতে হয়, মাসে কয়েকবার পরীক্ষা দিয়ে প্রমান করতে হয় যে সে কিংবা তারা ভালো প্রেমিক কিংবা প্রেমিকা। এখন নকল করার সুযোগও আছে, কেউ কেউ ধরা পড়ে হাতেনাতে, কেউ কেউ থাকে সন্দেহের তালিকায়, কেউ কেউ এতো পাকাপোক্ত নকলবাজ যে সারা জীবনেও ধরা পড়ে না

১১১. বিজ্ঞান দিয়ে জীবনের দৈর্ঘ প্রস্থ মাপতে যাওয়া মানে পা দিয়ে সাগরের গভীরতা নির্ধারনের চেষ্টা। জীবনকে কোন ফর্মায় থিওরিতে তত্ত্বের মশালে ফেলা যায় না। জীবন তার মতো স্বাভাবিক কিংবা অস্বাভাবিক, সমতল কিংবা বহুতল। তাই বৈজ্ঞানিক জীবন বা বৈজ্ঞানিক দর্শন বলতে আমরা যা শুনে থাকি তাও এক ধরনের বনসাই আলাপ

১১২. চোখের সামনের মুভিতে যে নায়ক নায়িকা আমরা দেখি তারা কখনো চলমান সমাজের প্রতিনিধিত্ব করে না। তারা চকচকে নীল জলে শরীর ধৌত করে, তাদের শরীরে যতটুকু প্রাকৃতিক আবহ তার চেয়ে বেশি কৃত্রিম আবহ। কৃত্রিম কিছুর প্রতি প্রাকৃতিক মানুষের একধরনের মুগ্ধতা আছে। এই মুগ্ধতা মূলত নতুনের প্রতি মুগ্ধতা। কিন্তু যারা এই কৃত্রিম জীবন কাটাতে অভ্যস্ত হয়ে পড়ে তারা মর্মে মর্মে উপলব্ধি করতে পারে কৃত্রিম জীবনের দহন কত যন্ত্রনাদায়ক!
যন্ত্রনাদায়ক জীবন থেকে তারা আবার বেরও হতে পারে না। ফান্দে পড়ে বগা তখন কান্দে। বগার কান্দনই চলমান সমাজের দৃশ্য। কিন্তু বগার কান্দন কখনো সাউন্ডপ্রুফ রুম থেকে বস্তির ছোট ঘরের টিভি সেটের সামনে আসে না

১১৩. বাংলাদেশের মানুষ ইমোশন আর আল্লার একমাত্র রহমতের উপর ভরসা করে দিনপাত করে। আল্লার রহমত আর ইমোশন সহোদর। এই সহোদরকে ডেসটিনি ভেবে তারা পথে হাঁটে না, ঘুমায়; তাদের কাছে তখন সময় একটি “কাটানোর” বিষয় আর “আড্ডা” একটা জনপ্রিয় কাজ
The people of Bangladesh lead their chaotic lives relying on the emotion and the only blessing of God. Emotion and seeking a bless are same aforesaid touch. Being used to the two parallel light they are not active but sleep in the dream. Only for that time is wasting mania and Adda is tasty task to them.

১১৪. মৃত্যু এক অনিবার্য অসুখ যা পৃথিবীকে রোগমুক্ত রাখে

১১৫. মীনা বাবা মায়ের শত আদরের মেয়ে। সে পড়ালেখা শিখতে চায়, সে বড় হতে চায়। কারন সে বন্দী থাকতে চায় না। মীনা পড়ালেখা শিখে, বড় হয় এবং বড় অফিসে চাকরি করে। কিন্তু সে মুক্ত হতে পারে না। কারন অফিসারের উপর অফিসার থাকে। অফিসার তাকে একান্ত ব্যক্তিগত রুমে

ঘন ঘন ডাকে, মীনাকে একান্ত ব্যক্তিগত সময়ে না পেলে অফিসারের ক্লান্তি শেষ হয় না।
অফিসেও মীনা বন্দী। কারন অফিসে মীনা মানুষ নহে মাংস, অফিসে মাংসের কদর অনেক অধিক। মীনা বাবা মায়ের শত আদরের মেয়ে

১১৬. পুরুষরা বিয়ের রাত থেকে বউয়ের গলায় পুরুষতন্ত্রের একটা কৃত্রিম মালা ঝুলিয়ে দেয়– এই মালা সুগন্ধ দেয় না আবার নষ্টও হয় না তবে সমাজ ধরে রাখে। এই সমাজ ধরে রাখা মালা নিয়ে বউরা গৃহপালিত জীব আর তারা জীবের পতি বা স্বামী বা প্রভু

১১৭. অপেক্ষা যেখানে থাকে না সেখানে মৃত্যু। পুকুরের কোন অপেক্ষা নেই, ডুবারও নেই, লেকের আরও নেই। নদীর রয়েছে অসীম অপেক্ষা– সাগরের সাথে মিলিবার অপেক্ষা।
যে নদী অপেক্ষা করতে জানে না সে নদী পুকুর হয়ে যায়, ডুবা হয়ে যায়, সে নদী দ্রুত মারা যায়

১১৮. বাউল তত্ত্বে ক্ষয় করার মধ্য দিয়ে জয় করার একটা প্রবনতা আছে। জনপ্রিয়তা ক্ষয় করার মধ্য দিয়েও নিজের স্বগত বোধকে জানা যায়। প্রশংসা গ্রহন করতে করতে যদি প্রশংসাকে নিজের চেতনায় স্বাভাবিক পর্যায়ে আনা যায় তাও চৈতন্যের জয়। নিন্দা সহ্য করতে করতে নিন্দাকেও স্বাভাবিকভাবে নেয়ার প্রবনতাই মানুষের সত্যিকারের ধর্ম। জীবনে কেবল ফটোগ্রাফার না হয়ে ফটোও হতে হবে...

১১৯. মুখ এখন কালো কাপড় দিয়ে বাঁধা, তাই চোখ দিয়ে এখনো কিছু শুনছি না

১২০. মায়ের নাড়ি থেকে বিচ্ছিন্ন হয়ে দেখি পৃথিবীটা বিচ্ছিন্নতাবাদীদের দখলে

১২১. বিপদে বন্ধুর পরিচয় এই কথা বলতে আমি রাজি না। বন্ধু হলো সেই ব্যক্তি অথবা বন্ধুত্ব হল সেই বিষয় যা আপনার বিপদ আসতে দেয় না। বিপদগ্রস্ত প্রাণীর পাশে অন্য প্রাণীরা দাঁড়াবে এটা স্বাভাবিক ব্যাপার, নতুবা প্রাণীর অস্তিত্ব বিলীন হয়ে যাবে